

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ৯. ৪৫. যীশুকে প্রভু বলাই কি পাক-রূহ পাওয়ার প্রমাণ?

সাধু পল বলেন: ''আল্লাহর রূহের দ্বারা কথা বললে কেউ বলে না, 'ঈসার উপর বদদোয়া পড়ুক।' আবার পাক-রূহের মধ্যে দিয়ে না হলে কেউ বলতে পারে না, 'ঈসাই প্রভু'।'' (১ করিন্থীয় ১২/৩, মো.-০৬)

সাধু পল এখানে ঈশ্বরের পছন্দ ও ঈশ্বরের মন জানার জন্য সর্বকালের সর্বশ্রেষ্ঠ মূলনীতি প্রদান করেছেন। তা হল, যার কথা আমার মতের সাথে মিলবে সেই আল্লাহর প্রিয় এবং পবিত্র আত্মা লাভ করেছে। আর কারো কথা আমার মতের সাথে না মিললে বুঝতে হবে যে, সে ভুল পথে রয়েছে। সে পবিত্র আত্মা পায় নি। আর এ নীতির ভিত্তিতেই সাধু পল বললেন, যে ব্যক্তি যীশুকে প্রভু বলবে সে-ই পবিত্র আত্মা প্রাপ্ত।

কিন্তু এর বিপরীতে উপরের উদ্ধৃতিতে যীশু বললেন: ''যারা আমাকে 'প্রভু প্রভু' বলে তারা প্রত্যেকে যে বেহেশতী রাজ্যে ঢুকতে পারবে তা নয়। কিন্তু আমার বেহেশতী পিতার ইচ্ছা যে পালন করে সে-ই ঢুকতে পারবে।'' (মথি ৭/১৫-২৩)।

যীশুর বক্তব্য থেকে নিশ্চিত যে, যীশুকে প্রভু বলা পবিত্র আত্মা পাওয়ার কোনোই আলামত নয়; বরং ঈশ্বরের ইচ্ছা পালনই পবিত্র আত্মা পাওয়ার আলামত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14127

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন